


নং ১২.০৫.০০০০.০১১.২৩.০৫৬.১২. ২২৫৬

তারিখ: ২৭/৫/২০২৪


অফিস আদেশ

জনাব মো: মোখলেছুর রহমান, ক্যাশ সরকার, কৃষি তথ্য সার্ভিস, সদর কার্যালয়, ঢাকা-কে দাপ্তরিক কাজের স্বার্থে কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কার্যালয় রাঙামাটিতে সংযুক্তিতে পদায়নের অফিস আদেশ জারী করা হয়। অফিস আদেশের (তার নামের) কপি বিগত ১০.০৩.২০২৪ খ্রি: তারিখ বাংলাদেশ উজ ২৪ ডটকম পত্রিকায় প্রকাশ ও ইতোপূর্বে দাপ্তরিক চিঠিপত্র, বিভিন্ন বিল ভাউচারের কপি কতিপয় পত্রিকায় প্রকাশিত হয়। সে প্রেক্ষিতে ১৮-০৩-২০২৪ তারিখের ১২.০৫.০০০০.০১১.৩০.০০৫.২১.১৮৩৪ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ মোতাবেক অসদাচরনের দায়ে (১ম কারণ দর্শানো) কেন তার বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়। সে প্রেক্ষিতে তিনি যে জবাব দাখিল করেছেন তা তার বিরুদ্ধে আনীত অভিযোগের সাথে সংগতিপূর্ণ ও গ্রহণযোগ্য না হওয়ায় তাকে পুনরায় সন্তোষজনক জবাব দাখিল করার জন্য স্মারক নং ১২.০৫.০০০০.০১১.৩০.০০৫.২১.২০১৯ তারিখ ০৬-০৫-২০২৪ মোতাবেক (২য় কারণ দর্শানোর) নোটিশ প্রদান করা হয়। উক্ত স্মারকের প্রেক্ষিতে তিনি যে জবাব দাখিল করেছেন তা চরম ঔদ্ধত্যপূর্ণ ও অসামঞ্জস্য যা একজন সরকারী কর্মচারী হিসেবে মোটেও কাম্য নয়। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ বিধি ৩ এর (খ) অনুযায়ী অসদাচরনের দায়ে (৩য় কারণ দর্শানো) কেন তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী চাকরি থেকে বরখাস্তকরণ গুরুদণ্ড প্রদান করা হবেনা তা পুনরায় ২৬.০৫.২০২৪ খ্রি: তারিখের ১২.০৫.০০০০.০১১.৩০.০০৫.২১.১৮৩৪ নং অফিস আদেশে সন্তোষজনক জবাব দাখিল করার জন্য বলা হয়। সে প্রেক্ষিতে তার দাখিলকৃত জবাবও সন্তোষজনক নয়। পরপর ৩ (তিন) দফা সুযোগ প্রদান করা সত্ত্বেও তার অপ্রাসঙ্গিক চরম ঔদ্ধত্যপূর্ণ ও শিষ্টাচার বহির্ভূত জবাব অসদাচারণ হিসেবে প্রতিয়মান হওয়ায় সরকারি চাকরি আইন ২০১৮ এর বিধি-৩৯ (১) এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ১২ (১) অনুযায়ী তাকে সাময়িক ভাবে চাকরি থেকে বরখাস্ত করা হলো। সংশ্লিষ্ট ধারা অনুযায়ী তার বিরুদ্ধে পরবর্তী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা সহ অন্যান্য প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।

  
২৭/৫/২৪  
(ড. সুরজিত সাহা রায়)  
পরিচালক

ফোন-০২-৫৫০৫৮২৬০

ইমেইল:dirais@ais.gov.bd



অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, কৃষি মন্ত্রণালয়, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
৩. উপ প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৪. আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রাঙামাটি
৫. প্রশিক্ষণ ও প্রয়োগ অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৬. আইসিটি ইনচার্জ, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা (এআইএসের ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো)
৭. প্রশাসনিক অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা
৮. জনাব মো: মোখলেছুর রহমান, ক্যাশ সরকার কৃষি তথ্য সার্ভিস, সদর কার্যালয়, ঢাকা (সংযুক্ত কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক অফিস, রাঙামাটি)।